**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বাংলাদেশ সমরাস্ত্র কারখানা (বিওএফ)
গাজীপুর সেনানিবাস, গাজীপুর-১৭০৩।
ওয়েবসাইট-www.bof.gov.bd

নম্বর-২৩.২৭.০০০০.১১৭.০১/৫.০০১.২৪

তারিখ: ০৩ ফাল্গুন ১৪৩১ / ১৬ ফেব্রুয়ারি ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ সমরাস্ত্র কারখানার নিম্নোক্ত শূন্য পদসমূহ নিয়োগের মাধ্যমে পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে http://bof.teletalk.com.bd ওয়েবসাইটে Online-এ আবেদন আহবান করা যাচ্ছে :

| ক্রমিক | পদের নাম, বেতন স্কেল (২০১৫) ও গ্রেড | শূন্য পদের সংখ্যা | বয়সসীমা (১৭ মার্চ ২০২৫ তারিখ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য শর্তাবলী (ন্যূনতম) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | অফিস সুপারিনটেনডেন্ট (Office Superintendent) ১২৫০০-৩০২৩০ (১১তম গ্রেড) | ৩টি | ১৮ হতে ৩২ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বছর। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা বোর্ড হতে ২য় বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং কম্পিউটার পরিচালনায় বাস্তব অভিজ্ঞতাসহ ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ২। | উপ সহকারী কেমিস্ট (Sub Assistant Chemist) ১২৫০০-৩০২৩০ (১১তম গ্রেড) | ১টি | ঐ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়নসহ ২য় বিভাগ বা সমমানের ডিগ্রী। |
| ৩। | সিনিয়র সহকারী (Senior Assistant) ১০২০০-২৪৬৮০ (১৪তম গ্রেড) | ২টি | ঐ | ক। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা বোর্ড হতে ২য় বিভাগে স্নাতক।<br>খ। বিধি অনুসারে কম্পিউটার ব্যবহারে দক্ষতাসহ প্রতি মিনিটে কম্পিউটারে টাইপিং-এ সর্বনিম্ন গতি বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজীতে ৩০ শব্দ।<br>গ। কম্পিউটারে ব্যবহারিক জ্ঞান সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ৪। | সুপারভাইজার (Supervisor) ১০২০০-২৪৬৮০ (১৪তম গ্রেড) | ২টি | ঐ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা স্বীকৃত বোর্ড হতে ২য় বিভাগে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫। | সিনিয়র টেকনিশিয়ান (Senior Technician) ১০২০০-২৪৬৮০ (১৪ তম গ্রেড) | ৬টি | ঐ | কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ স্বীকৃত কোন কারিগরি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ট্রেডে ১০ (দশ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৬। | গেইট ইন্সপেক্টর (Gate Inspector) ১০২০০-২৪৬৮০ (১৪ তম গ্রেড) | ৩টি | ১৮ হতে ৩২ বৎসর। সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত জেসিওদের ক্ষেত্রে ৪৫ বৎসর। | ক। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা বোর্ড হতে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; অথবা<br>খ। অবসরপ্রাপ্ত জেসিওদের ক্ষেত্রে কোন স্বীকৃত বোর্ড বা ইন্সটিটিউট হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (Office Assistant Cum Computer Typist) ৯৩০০-২২৪৯০ (১৬তম গ্রেড) | ২৩টি | ১৮ হতে ৩২ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বছর। | ক। কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ। বিধি অনুসারে কম্পিউটার ব্যবহারে দক্ষতাসহ প্রতি মিনিটে কম্পিউটারে টাইপিং-এ সর্বনিম্ন গতি বাংলায় ২০ শব্দ এবং ইংরেজীতে ২০ শব্দ। |
| ৮। | মেটল্যাব এ্যাসিস্ট্যান্ট (Mat lab Assistant) ৯৩০০-২২৪৯০ (১৬তম গ্রেড) | ৪টি | ঐ | কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হতে রসায়ন ও পদার্থবিদ্যাসহ দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯। | গোডাউন কিপার (Godown Keeper) ৯৩০০-২২৪৯০ (১৬তম গ্রেড) | ৬টি | ঐ | কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ। |
| ১০। | ড্রাইভার (Driver) ৯৩০০-২২৪৯০ (১৬ তম গ্রেড) | ৩টি | ১৮ হতে ৩২ বৎসর। সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত ড্রাইভারদের ক্ষেত্রে ৪৫ বৎসর। | ক। কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ। ভারী যানবাহন চালনার লাইসেন্সপ্রাপ্ত হতে হবে।<br>গ। সামরিক বাহিনীর অবসরপ্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ১১। | স্কীল্ড টেকনিশিয়ান (Skilled Technician) ৯০০০-২১৮০০ (১৭তম গ্রেড) | ৭টি | ১৮ হতে ৩২ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বছর। | কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত কোন কারিগরি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ট্রেডে ০৮ (আট) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১২। | টেকনিশিয়ান (Technician) ৮৮০০-২১৩১০ (১৮তম গ্রেড) | ৪টি | ঐ | কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ স্বীকৃত কোন কারিগরি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ট্রেডে কমপক্ষে ০৬ (ছয়) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৩। | মেডিক্যাল এ্যাসিস্টেন্ট (Medical Assistant) ৮৫০০-২০৫৭০ (১৯তম গ্রেড) | ৩টি | ঐ | ক। কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ। পেশাগত (ফার্স্ট এইড) জ্ঞান সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে। |

| ক্রমিক | পদের নাম, বেতন স্কেল (২০১৫) ও গ্রেড | শূন্য পদের সংখ্যা | বয়সসীমা (১৭ মার্চ ২০২৫ তারিখ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য শর্তাবলী (ন্যূনতম) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১৪। | জুনিয়র টেকনিশিয়ান<br>(Junior Technician)<br>৮৫০০-২০৫৭০ (১৯তম গ্রেড) | ৬৪টি | ঐ | কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ স্বীকৃত কোন ইনস্টিটিউট হতে কোন কারিগরি বিষয়ে সার্টিফিকেট প্রাপ্ত। |
| ১৫। | ফায়ারম্যান<br>(Fireman)<br>৮৫০০-২০৫৭০ (১৯তম গ্রেড) | ৪টি | ঐ | ক। কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ। উচ্চতা ১.৬৭৬ মিটার (৫'-৬")।<br>গ। অগ্নি নির্বাপণ অথবা বেসামরিক প্রতিরক্ষা কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ১৬। | টেকনিক্যাল হেলপার<br>(Technical Helper)<br>৮২৫০-২০০১০ (২০তম গ্রেড) | ৬৬টি | ঐ | ক। কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ। কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে কারিগরি বিষয়ক সার্টিফিকেটধারী প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ১৭। | আর্দালী<br>(Orderly)<br>৮২৫০-২০০১০ (২০তম গ্রেড) | ১টি | ১৮ হতে ৩২ বৎসর। | কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৮। | নিরাপত্তা প্রহরী<br>(Security Guard)<br>৮২৫০-২০০১০ (২০তম গ্রেড) | ৪টি | ১৮ হতে ৩২ বৎসর। সামরিক/আধা-সামরিক বাহিনীর অবসরপ্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে ৪৫ বৎসর। | ক। কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ। উচ্চতা ১.৬৭৬ মিটার (৫'-৬")।<br>গ। অবসরপ্রাপ্ত সামরিক/ আধাসামরিক বাহিনীর প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ১৯। | লেবার<br>(Labour)<br>৮২৫০-২০০১০ (২০তম গ্রেড) | ১০টি | ১৮ হতে ৩২ বৎসর। | অষ্টম শ্রেণী উত্তীর্ণ। |
| ২০। | পরিচ্ছন্নতা কর্মী<br>(Cleaner)<br>৮২৫০-২০০১০ (২০তম গ্রেড) | ৪টি | ঐ | অষ্টম শ্রেণী উত্তীর্ণ |

**শর্তাবলী :**

১। ১৭ মার্চ ২০২৫ তারিখে প্রার্থীর বয়সসীমা ৪নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে।

২। 'বিভাগীয় প্রার্থী' অর্থ ঐ সকল কর্মচারী যারা একই প্রতিষ্ঠানের চাকরিতে অন্যূন ২ (দুই) বৎসর স্থায়ীভাবে নিয়োজিত রয়েছেন এবং বিজ্ঞাপিত পদে সরাসরি নিয়োগের জন্য যোগ্য।

৩। চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অনুমতিপত্র দাখিল করতে হবে।

৪। নিয়োগের ক্ষেত্রে সর্বশেষ জারীকৃত সরকারী বিধি-বিধান অনুযায়ী কোটা পদ্ধতি অনুসরণ করা হবে। এছাড়াও বিদ্যমান বিধি-বিধানে সরকার কর্তৃক কোন সংশোধনী জারী করা হলে তা যথাযথভাবে অনুসরণ করা হবে।

৫। মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদপত্র, অভিজ্ঞতার মূল সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ, সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও চারিত্রিক সনদপত্র; মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল সনদ, মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রার্থীর সঙ্গে মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত মূল প্রত্যয়নপত্র, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form ও Admit Card সহ সকল কাগজপত্রের ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০১ (এক) সেট ফটোকপি এবং ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দাখিল করতে হবে।

৬। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। তবে ১, ৩, ৭, ১০ নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই শুধুমাত্র মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৮। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবেন না।

৯। প্রত্যেক প্রার্থীকে অবশ্যই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ পর্যন্ত অর্জিত সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা Online Application Form এ উল্লেখ করতে হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীতে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোন বৈধ সুযোগ দাবী করলে তা গ্রহণযোগ্য হবে না।

**১০। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:**

ক। পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bof.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(১) Online -এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৬ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ সকাল ১০:০০টা।

(২) Online -এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৭ মার্চ ২০২৫ তারিখ বিকাল ০৫:০০ টা।

(৩) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বর থেকে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ। আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ pixel×প্রস্থ ৮০ pixel) এবং রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ pixel×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

**গ। যেহেতু Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।** আবেদনকারী যদি কোন ভুল বা অসত্য তথ্য দাখিল করে বা তথ্য গোপন করে এবং পরবর্তীতে তা সনাক্ত হয় সেক্ষেত্রে আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে এবং তার নিয়োগাদেশ বাতিল করা হবে।

ঘ। **প্রার্থী কর্তৃক** Online-এ পূরণকৃ**ত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করতে হবে।**

ঙ। **SMS প্রেরণ এবং পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলি :** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করতঃ আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ **ক্রমিক নং ১ ও ২ -এ বর্ণিত পদসমূহের জন্য ১৬৮/- টাকা, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯ ও ১০ -এ বর্ণিত পদসমূহের জন্য ১১২/- টাকা, ক্রমিক নং ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯ ও ২০ -এ বর্ণিত পদের জন্য ৫৬/- টাকা এবং সকল পদের জন্য (অনগ্রসর নাগরিক)** ৫৬/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, ''Online -এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম SMS: BOF<space> USER ID লিখে send করতে হবে 16222 নম্বরে।
**Example: BOF ABCDEF**

Reply: Applicant's Name, Tk............... will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BOF< space > YES < space> PIN and send to 16222.

দ্বিতীয় SMS: BOF< space >YES< space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।
**Example: BOF YES 12345678**

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BOF Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

চ। **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bof.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online **আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

ছ। SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিতে হবে। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ। শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(১) User ID জানা থাকলে BOF< space >Help< space>User< space>User ID & Send to 16222.
Example: BOF Help User ABCDEF & send to 16222
(২) PIN Number জানা থাকলে BOF< space >Help< space>PIN< space>PIN No & Send to 16222.
Example: BOF Help PIN 12345678 & send to 16222.

১১। Online -এ আবেদন করতে কোন সমস্যা হলে যেকোন টেলিটক নম্বর হতে **১২১** এ অথবা নিকটস্থ টেলিটক কাস্টমার কেয়ার এ যোগাযোগ করতে হবে।

১২। বাংলাদেশ সমরাস্ত্র কারখানার ওয়েবসাইটে (www.bof.gov.bd) এ নিয়োগ বিজ্ঞপ্তি পাওয়া যাবে এবং নিয়োগের ফলাফলসহ যাবতীয় তথ্যাদি সময়ে সময়ে হালনাগাদ করা হবে।

১৩। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ভারপ্রাপ্ত উপপরিচালক প্রশাসন
পক্ষে কমান্ড্যান্ট